## চলমান প্রকল্পের সারসংক্ষেপ

১. প্রকল্পের নাম : সমাজভিত্তিক সমন্বিত শিশুযত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুর প্রারম্ভিক বিকাশ ও সুরক্ষা এবং সাঁতার সুবিধা প্রদান (আইসিবিসি) প্রকল্প, ১ম সংশোধিত

২. (ক) উদ্যোগী মন্ত্রণালয় : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(খ) বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ শিশু একাডেমি

৩. প্রাক্কলিত ব্যয় (লক্ষ্ টাকায়)

(ক) মোট : ৩০৪,৩০.৫৭ লক্ষ টাকা

(খ) জিওবি : ২৫০,০৯.৮৪ লক্ষ টাকা

(গ) বৈদেশিক সহায়তা : ৫৪,২০.৭৩ লক্ষ টাকা

৪. প্রকল্পের অর্থায়ন (ঋণ/অনুদান/ইকুইটি) : বাংলাদেশ সরকার এবং ব্লুমবার্গ ফিলানথ্রোপিজ, মার্কিন যুক্তরাষ্ট্র ও আরএনএলআই, যুক্তরাজ্য (অনুদান)

৫. বাস্তবায়নকাল : (ক) শুরুর তারিখঃ ০১.০১.২০২২

(খ) সমাপ্তির তারিখঃ ৩১.১২.২০২৫

৬. প্রকল্প এলাকা :

| বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|
| বরিশাল | বরগুনা, ভোলা এবং পটুয়াখালী | আমতলী, বেতাগী, তালতলী, ভোলা সদর, লালমোহন, মনপুরা, কলাচিপা, বাউফল |
| চট্টগ্রাম | ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর এবং লক্ষ্মীপুর | নাসিরনগর, নবীনগর, বাঞ্ছারামপুর, মতলব দক্ষিণ, মতলব উত্তর, চাঁদপুর সদর, লক্ষ্মীপুর সদর, রামগতি, কমলনগর |
| ঢাকা | নরসিংদী | মনোহরদী |
| খুলনা | বাগেরহাট এবং সাতক্ষীরা | ফকিরহাট, মোল্লাহাট, শরণখোলা, দেবহাটা, শ্যামনগর |
| ময়মনসিংহ | নেত্রকোণা, ময়মনসিংহ এবং শেরপুর | ফুলবাড়িয়া, ত্রিশাল, নান্দাইল, মোহনগঞ্জ, দুর্গাপুর, মদন শেরপুর সদর, নালিতাবাড়ী, শ্রীবরদী |
| রাজশাহী | সিরাজগঞ্জ | বেলকুচি রায়গঞ্জ, তাড়াশ |
| রংপুর | নীলফামারী | সৈয়দপুর, কিশোরগঞ্জ, ডিমলা |
| সিলেট | হবিগঞ্জ এবং সুনামগঞ্জ | বাহবল, মাধবপুর, আজমেরীগঞ্জ, দক্ষিণ সুনামগঞ্জ, তাহিরপুর, দোয়ারাবাজার |

প্রকল্প পরিচালক

৭. প্রকল্পের উদ্দেশ্য : শিশুর প্রারম্ভিক বিকাশ, শিক্ষা এবং যত্ন প্রদান নিশ্চিতকরণের মাধ্যমে শিশুর সার্বিক বিকাশ, নিরাপত্তা, সুরক্ষা এবং মৃত্যুঝুঁকি কমিয়ে আনা।

৮. প্রকল্পের প্রধান কার্যক্রম

- দিনের সর্বোচ্চ ঝুকিপূর্ণ সময়ে (সকাল ৯.০০টা থেকে দুপুর ২.০০) ৫ বছরের নীচের বয়সি শিশুদের বিকাশ উপযোগী সেবা প্রদান;
- ১-৫ বছর বয়সি শিশুর জন্য কেন্দ্রভিত্তিক সমন্বিত ইসিসিডি (Early Childhood care and Development) সেবা প্রদান যাতে শিশুর শারীরিক, সামাজিক, আবেগিক, ভাষাগত এবং জ্ঞানবুদ্ধির বিকাশ নিশ্চিত হয়;
- ৬-১০ বছর বয়সি শিশুদের নিরাপদ সাঁতার শিক্ষা প্রদানের মাধ্যমে তাদের পানিতে ডুবে যাওয়া থেকে সুরক্ষা প্রদান;
- সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের মাধ্যমে অভিভাবকদের শিশু লালন-পালন বিষয়ে সক্ষমতা বৃদ্ধি করা।

৯. বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তি ও বরাদ্দ : ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিভুক্ত। বরাদ্দ মোট ১৩৭১০.০০ লক্ষ টাকা (জিওবি- ১২৭২৬.০০ লক্ষ, পিএ- ৯৮৪.০০ লক্ষ)।

১০. প্রকল্পের অগ্রগতি

- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে মাঠ পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত ৭টি প্যাকেজ ৬টি বেসরকারি সংস্থাকে (এনজিও) (Local Idea for Empowerment (LIFE)/ TMSS/Adivasi Unnayan Sangstha/ Natun Projonmo Uddakta Unnayan Foundation/ Padakhep Manbik Unnayan kendra/Uttaran) নির্বাচন করা হয়। ১টি প্যাকেজে উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক সিআইপিআরবি নামক এনজিওকে নিয়োজিত করে এবং বর্তমানে ৭টি এনজিওর মাধ্যমে মাঠ পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।
- এনজিও কর্তৃক ৮টি বিভাগের ১৬টি জেলার ৪৫টি উপজেলার ৩১১টি ইউনিয়নের ৩,১১৫টি গ্রামে ৮,০২০ (আট হাজার বিশ) টি শিশুযত্ন স্থাপনের মাধ্যমে ১-৫ বছর বয়সি ২,০০,৫০০ (দুই লক্ষ পাঁচশত) শিশুকে শিশুর প্রারম্ভিক বিকাশ যত্ন এবং সুরক্ষা কাযক্রমে সম্পৃক্ত করা হয়েছে।
- প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত এনজিও কর্তৃক ৬৪ (চৌষট্টি)জন ইসিসিডি অফিসার এবং ৩২০ (তিনশত বিশ) জন সিসিসি সুপারভাইজারকে ০৭ (সাত) দিন ব্যাপী প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) এবং ৮,০২০ (আট হাজার বিশ) শিশুযত্নকারীকে ০৭ (সাত) দিনের মৌলিক প্রশিক্ষন প্রদান করা হয়েছে।
- প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত এনজিও কর্তৃক ৯৬ (ছিয়ানব্বই) জন সুইমিং সুপারভাইজার এবং ১,৬০০ (এক হাজার ছয়শত) জন স্থানীয় সুইমিং ইন্সট্রাক্টরকে ০৭ (সাত) দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- প্রকল্পের আওতায় ৬-১০ বছর বয়সি ৩,৬০,০০০ জন শিশুকে সাঁতার প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে অদ্যাবধি ৩,৩২,০০০ জন শিশুকে জীবন

রক্ষাকারী সাঁতার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চলতি বছরে অবশিষ্ট শিশুদের সাঁতার প্রশিক্ষণ সম্পন্নের জন্য কাযক্রম গ্রহণ করা হয়েছে।

- প্রকল্পের শিশুযত্ন কেন্দ্র কার্যক্রম পরিচালনার নিমিত্ত ব্রাকআইইডি, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সহায়তায় যত্নকারি সহায়িকা (Caregiver's Manual) এবং শিশুযত্ন কেন্দ্র পরিবীক্ষণ নির্দেশিকা, যত্নকারীদের মৌলিক প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষণ ম্রানুয়াল ও প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান (বেসিক লাইফ সাপোর্ট) সংক্রান্ত ম্যানুয়াল প্রণয়নসহ চূড়ান্ত করা হয়েছে।
- সিআইপিআরবি'র সহায়তায় শিশুদের সাঁতার প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত সাঁতার প্রশিক্ষকদের জন্য ম্যানুয়াল প্রণয়নসহ চূড়ান্ত করা হয়েছে।
- প্রকল্প কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনার জন্য নির্বাচিত এনজিওদের জন্য কাযক্রম পরিচালনা সংক্রান্ত Standard Operating Procedure-SoP কারিগরি সহযোগী সংস্থাসমূহের সহায়তায় প্রণয়ন করা হয়েছে।
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সাথে প্রকল্পের কাযার্দি সমন্বয় সাধনসহ সহযোগিতার ক্ষেত্র তৈরির লক্ষ্যে রেফারেল স্ট্রেটিজি সিনারগোস বাংলাদেশের সহায়তায় প্রণয়নসহ Bridging leadership কার্যক্রম শুরু করা হয়েছে।
- প্রকল্পের কারিগরি সহযোগী সংস্থা সিআইপিআরবি কর্তৃক প্রকল্পভুক্ত ১৬টি জেলা এবং ৪৫টি উপজেলায় বেইজলাইন সার্ভে (Baseline and KAP analysis survey) সম্পন্নের উদ্যোগ গ্রহণ করাসহ প্রকল্প কার্যক্রম পরিবীক্ষণ, মূল্যায়ন, জবাবদিহিতা এবং লার্নিং (Monitoring, Evaluation, Accountability & Learning-MEAL) অর্জনের লক্ষ্যে এতদসংগে ফ্রেমওয়্যাক ও টুল প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- অরবিস ইন্টারন্যাশনাল কর্তৃক ময়মনসিংহ ও চাঁদপুর জেলায় তালিকাভুক্ত শিশুদের দৃষ্টি শক্তি Screening এর নিমিত্ত যত্নকারী ও সহকারী যত্নকারীদেরকে ওরিয়েনটেশন প্রদান করা হয়েছে।
- ১২ জেলার গণমাধ্যমকর্মীদের অংশগ্রহণে জাতি গঠনে শিশুবান্ধব সাংবাদিকতা শীর্ষক প্রশিক্ষণ ৩টি ব্যাচে সম্পন্ন করা হয়েছে।

১১. প্রকল্প পরিচালক — মোঃ আবদুল কাদির, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

প্রকল্প পরিচালক
সমাজভিত্তিক সমন্বিত শিশুযত্ন কেন্দ্রের মাধ্যমে শিশুদের প্রারম্ভিক বিকাশ ও সুরক্ষা এবং শিশুর সাঁতার সুবিধা প্রদান প্রকল্প